

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ
মেদিনীপুর :: ৭২১১০১

স্মারক সংখ্যাঃ- ৩০/৮০৮৫/০৩৯

তারিখঃ- ৮.০৫.২০২৫

বিষয়ঃ- পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ-এর অধীনে পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর সদর ব্লকে অবস্থিত মনিদহ ফেরিঘাট ইজারা বন্দোবস্ত দেওয়ার জন্য ই-নিলামের আমন্ত্রন জানানোর বিজ্ঞপ্তি।

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার ম্যানুয়াল, ১৯৯১ এর নিয়ম ২৮১, ২৬৬এ অনুসারে, মেদিনীপুর সদর ব্লকে অবস্থিত মনিদহ ফেরিঘাটের জন্য সরকারি নিলাম ব্যবস্থা (<https://eauction.gov.in>) এর মাধ্যমে অনলাইনে ফেরি ও সর্ব-আবহাওয়া সেতুর জন্য ফেরিঘাট লিজ দেওয়ার জন্য বোনাফাইড নৌকাচালক, স্বতন্ত্র উদ্যোক্তা, নিবন্ধিত সমবায় সমিতি বা অংশীদারিত্ব সংস্থা / নৌকাচালক বংশগত পাটনী দ্বারা গঠিত সংস্থা, স্ব-সহায়ক গোষ্ঠী, স্থানীয় শিক্ষিত বেকার ব্যক্তিদের অংশীদারিত্ব সংস্থাগুলির কাছ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে। এই নোটিশের সাথে সংযুক্ত নথিতে এবং ই-নিলাম সিস্টেম পোর্টালে শর্তাবলী দেওয়া আছে এবং জেলা ওয়েবসাইট, জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা কালেক্টরের অফিস, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিস, সমস্ত ব্লক উন্নয়ন অফিসে পাওয়া যাবে।

✚ গুরুত্বপূর্ণ তারিখগুলি নীচে দেওয়া হলঃ-

ই-নিলামের জন্য গুরুত্বপূর্ণ তারিখ ও সময়		
বিষয়	তারিখ	সময়
প্রকাশনার তারিখ	০৮.০৫.২০২৫	বিকেল ৪.০০ টায়
প্রাক-বিড-এর সভা / প্রশিক্ষণ	১৩.০৫.২০২৫	দুপুর ১২.০০ টায়
অনলাইন বিড অনুরোধ এবং কাগজপত্র / নথিপত্রের স্ক্যান কপি জমা দেওয়ার শুরুর তারিখ এবং সময়	১৪.০৫.২০২৫	দুপুর ১২.০০ টায়
অনলাইন বিড অনুরোধ এবং কাগজপত্র / নথিপত্রের স্ক্যান কপি জমা দেওয়ার শেষের তারিখ এবং সময়	৩০.০৫.২০২৫	বিকেল ৫.০০ টায়
অফলাইনে আবেদন ফি এবং ইএমডি জমা দেওয়ার শুরুর তারিখ (পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিসে)	১৪.০৫.২০২৫	দুপুর ১২.০০ টায়
অফলাইনে আবেদন ফি এবং ইএমডি জমা দেওয়ার শেষের তারিখ (পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিসে)	৩০.০৫.২০২৫	বিকেল ৫.০০ টায়
অনুমোদন শুরুর তারিখ এবং সময়	০২.০৬.২০২৫	সকাল ১০.০০ টায়
অনুমোদন শেষের তারিখ এবং সময়	০৪.০৬.২০২৫	বিকেল ৪.০০ টায়
নিলাম শুরুর তারিখ এবং সময়	০৫.০৬.২০২৫	সকাল ১০.০০ টায়
নিলাম শেষের তারিখ এবং সময়	০৫.০৬.২০২৫	বিকেল ৪.০০ টায়

প্রতিযোগিতামূলক সরকারি ই-নিলাম (<https://eauction.gov.in>) ব্যবস্থায় অংশগ্রহণে আগ্রহী দরদাতাদের ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট থাকতে হবে।

✦ পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের অধীনে ফেরিঘাটের সময়সূচীঃ-

ক্রমিক সংখ্যা	সম্পত্তির ধরণ	পরিমান	একক	নিলাম শুরু মূল্য (টাকা)	দরবৃদ্ধি/ দরহ্রাসের মূল্য (টাকা)	নিলাম মূল্য (টাকা)	ইএমডি মূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬		৭
১	মনিদহ খেয়াঘাট	১	কি.মি.	১৬০০০০০	১০০০০	ই- নিলামের মাধ্যমে নির্ধারিত সর্বশেষ মূল্য	১৬০০০০+ই- নিলামের মাধ্যমে নির্ধারিত সর্বশেষ মূল্যের ১০ শতাংশ

কাগজপত্র / নথিপত্রের স্ক্যান করা কপি (নীচে তালিকাভুক্ত), উপরে উল্লিখিত তারিখে (ই-নিলামের জন্য গুরুত্বপূর্ণ তারিখ এবং সময়) শুধুমাত্র NIC-র ই-নিলাম পোর্টালের (<https://eauction.gov.in>) মাধ্যমে অনলাইনে জমা দিতে হবে।

ই-নিলামের গুরুত্বপূর্ণ তারিখ এবং সময়ে, উল্লিখিত তারিখে শুধুমাত্র আবেদন ফি এবং ইএমডি বাবদ ব্যাংক ড্রাফটগুলি পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ, মেদিনীপুরে সশরীরে জমা দিতে হবে।


✦ প্রয়োজনীয় কাগজপত্র (আপলোড করা বাধ্যতামূলক):-

- বৈধ নিবন্ধন বা অংশীদারিত্বের দলিল (অংশীদারিত্ব সংস্থা, SHG গ্রুপ, সমবায় সমিতির জন্য প্রযোজ্য)।
- কমপক্ষে এক বছরের জন্য লিজে সফলভাবে ফেরিঘাট বা মৎস্য খামার পরিচালনার অভিজ্ঞতা।
- প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত ফটোকপি।
- Assessment Year 2022-23, 2023-24, 2024-25 এর ইনকাম-ট্যাক্স রিটার্নের নথির স্ব-প্রত্যয়িত ফটোকপি।
- ট্রেড লাইসেন্সের স্ব-প্রত্যয়িত ফটোকপি (বৈধ এবং সাম্প্রতিক)।
- ভোটার পরিচয়পত্র / আধার কার্ডের স্ব-প্রত্যয়িত ফটোকপি (ব্যক্তিগতদের জন্য)
- পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের তহবিল স্থানান্তর অ্যাকাউন্টের অনুকূলে Earnest Money এবং আবেদন ফি বাবদ ডিমান্ড ড্রাফ্ট দিতে হবে।

প্রদত্ত ফেরিঘাটের সময়সূচী, আগ্রহী দরদাতারা পরীক্ষা করে দেখতে পারেন এবং বর্তমান পরিস্থিতির সাথে পরিচিত হওয়ার জন্য তারা ফেরিঘাটগুলি সশরীরে পরিদর্শন করতে পারেন।

ইচ্ছুক দরদাতাদের সাথে প্রাক-বিড সভা ১৩.০৫.২০২৫ তারিখে দুপুর ১২.০০ টায় পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদে অনুষ্ঠিত হবে।


ই-নিলাম সম্পর্কিত হেল্পলাইন নম্বরঃ (০৩২২২- ২৭৫০৭১)।


সচিব

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরিত হলঃ-

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৩. কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৪. সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি সার্বিক প্রকাশনার জন্য।
৫. ডি. আই. ও., এন. আই. সি., পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশনার জন্য।
৬. উপসচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৭. জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটির সংক্ষিপ্ত সংস্করণ দৈনিক বাংলা পত্রিকায় সার্বিক প্রকাশনার জন্য।
৮. প্রধান (সকল), গ্রাম পঞ্চায়েত, পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি সার্বিক প্রকাশনার জন্য।
৯. জেলা তথ্য বিশ্লেষক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি জিলা পরিষদ-এর ওয়েবসাইটে প্রকাশনার জন্য।
১০. নোটিশ বোর্ড, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।


সচিব ০৪/০৫/২৫.
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ